

- ০২ -
ঢাকা ওয়াসা

- ১। ২০২৬-২৭ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের কপি।
২। ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।
৩। প্রাক্কলন।

বিষয়ঃ Raising of Manholes and Fitting & Fixing of Manhole Covers at Holding Nos. 42 & 9, Nasir Uddin Sarder Lane, and Holding No. 130, Distillery Road; and Clearance of Sewerage Line Blockages at 18, Alamganj Lane and 10, Panch Bhai Ghat Lane Areas under MODS Zone-1, Dhaka WASA.

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১-এর আওতাধীন উল্লেখিত হোল্ডিংসমূহের সম্মুখস্থ রাস্তায় বিদ্যমান পয়ঃনিষ্কাশন (সুয়ার) লাইনের ম্যানহোল কভার ভেঙে যাওয়া এবং পয়ঃলাইন ব্লকেজ সংক্রান্ত অভিযোগ ঢাকা ওয়াসা লিংক-১৬১৬২-এর মাধ্যমে পাওয়া যায় (সংযুক্তি-২)। প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সহকারী প্রকৌশলীসহ সরেজমিনে এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, Holding Nos. 42 & 9, Nasir Uddin Sarder Lane এবং Holding No. 130, Distillery Road-এর সম্মুখস্থ রাস্তায় অবস্থিত ম্যানহোলসমূহের কভার ভেঙে গেছে এবং ম্যানহোলের উপরাংশের দেয়াল নড়বড়ে ও ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এর ফলে দুর্ঘটনা ছড়ানোর পাশাপাশি পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে এবং যেকোনো সময় দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে। দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে সাময়িকভাবে ম্যানহোলসমূহের চারপাশে বাঁশ স্থাপন করে লাল কাপড়ের মাধ্যমে সতর্কীকরণ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত ম্যানহোলসমূহে জরুরি ভিত্তিতে ম্যানহোল রাইজিং, নতুন ম্যানহোল কভার স্থাপন এবং প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করা অত্যাৱশ্যক। অপরদিকে, 18, Alamganj Lane এবং 10, Panch Bhai Ghat Lane-এর সম্মুখস্থ রাস্তায় বিদ্যমান পয়ঃনিষ্কাশন লাইন ও ম্যানহোলসমূহ ব্লকেজের কারণে পয়ঃবর্জ্য ও ভারক্লো করছে। ফলে এলাকায় দুর্গন্ধ ছড়িয়ে পড়ার পাশাপাশি পরিবেশ দূষণ, পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা এবং রাস্তার ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা সৃষ্টি হয়েছে। বর্ণিত এলাকার অধিবাসীদের নিকট হতে এ বিষয়ে প্রায়ই অভিযোগ পাওয়া যাচ্ছে। জনস্বার্থে উক্ত পয়ঃলাইন ব্লকেজ জরুরি ভিত্তিতে নিরসন করা প্রয়োজন। বিষয়টি নির্বাহী প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করা হলে তিনি জনস্বার্থ বিবেচনায় উল্লেখিত ম্যানহোলসমূহে দ্রুত কভার স্থাপনসহ প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং পয়ঃলাইন ব্লকেজ নিরসনের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এর পরিপ্রেক্ষিতে PWD ও ঢাকা ওয়াসার অনুমোদিত Rate Schedule অনুসরণ করে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুযায়ী কাজটির মোট ব্যয় ৳ ৪৮,৯৮৮.২৩ (আটচল্লিশ হাজার নয়শত আটটি টাকা তেইশ পয়সা) মাত্র (সংযুক্তি-৩)। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় ম্যানহোল কভার বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে এবং অন্যান্য নির্মাণসামগ্রী ও শ্রমিক ঠিকাদার কর্তৃক সরবরাহপূর্বক কাজ সম্পন্ন করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১-এর ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রমিক নং-১২, “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” খাত (কোড নং-০১-০৪-০০২) হতে নির্বাহ করা হবে। জনস্বার্থ ও সম্ভাব্য দুর্ঘটনা/পরিবেশগত ক্ষতি বিবেচনায় কাজটি জরুরি ভিত্তিতে সম্পন্ন করা অত্যাৱশ্যক।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে “Raising of Manholes and Fitting & Fixing of Manhole Covers at Holding Nos. 42 & 9, Nasir Uddin Sarder Lane, and Holding No. 130, Distillery Road; and Clearance of Sewerage Line Blockages at 18, Alamganj Lane and 10, Panch Bhai Ghat Lane Areas under MODS Zone-1, Dhaka WASA.” কাজটি পি.পি.আর.-২০২৫-এর বিধি ৯৯/১(৬) অনুযায়ী M/S Sabbir Enterprise-এর মাধ্যমে Direct Procurement Method (DPM)-এ জরুরি ভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে প্রস্তাবিত ৳ ৪৮,৯৮৮.২৩ (আটচল্লিশ হাজার নয়শত আটটি টাকা তেইশ পয়সা) মাত্র টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। উল্লেখ্য, প্রস্তাবিত কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ হাম্মাদ হোসেন এলাহী
নির্বাহী প্রকৌশলী (চঃ লাঃ)
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

সি.নং-২২/জো-১
১৬/০৮/২৬

